বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন (লেভেল-১)
৭২ গ্রীনরোড (পান্থপথ), ঢাকা।

ফোন ঃ ০২২২২২৩০০৫৬
ইমেইল ঃ landrev@yahoo.com

স্মারক নং-বাপাউবো(ভূ ও রা)/পি-১/২০২১/৮৬ তারিখ ঃ ০৮-০৩-২০২২খ্রিঃ।

প্রধান প্রকৌশলী
কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল/উত্তরাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল
বাপাউবো, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ফরিদপুর/খুলনা।

বিষয় - বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পরিচালনা পরিষদের ৪৬তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র - বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০৪.১৮.৪৬.২২-৫২৬ তারিখ-২২ ফেব্রুয়ারী ২০২২।

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক উপর্যুক্ত বিষয়ে বোর্ড সচিবালয়ের সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন জমি ইজারা/ব্যবহার অনুমতির বিষয়ে বাপাউবো পরিচালনা পরিষদের ৪৬তম সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

"এ বিষয়ে বোর্ডের স্মারক নং-৪২.০১.০০০.০০৪.০৬.০৩৭.২০-৪০৬;তারিখ-২৯-১২-২০২০খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক জোন ভিত্তিক জমির (কৃষি/অকৃষি) তথ্য-উপাত্ত এবং এতদসংক্রান্ত ইজারার আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ বোর্ডের মাধ্যমে কমিটির মতামত সম্বলিত প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। উক্ত প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি বাপাউবো'র স্থাবর সম্পত্তি ব্যবস্থাপনা নির্দেশিকা-২০১৭ এর আলোকে পরীক্ষা-নীরিক্ষান্তে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। সুপারিশকৃত প্রস্তাবনা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড আইন-২০০০ অনুযায়ী বোর্ড নিষ্পত্তি করবে"।

এমতাবস্থায়, বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার স্বার্থে বাপাউবো পরিচালনা পরিষদের সভায় গৃহীত উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত জরুরী ভিত্তিতে এতদসংক্রান্ত বিষয়ে আপনার অধীনস্থ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

আপনার অনুগত,

০৮/৩/২০২২

(মোঃ রেজাউল করিম)
পরিচালক

স্মারক নং- বাপাউবো(ভূ ও রা)/পি-১/২০২১/৮৬/১(৫) তারিখ- ০৮-০৩-২০২২খ্রিঃ।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো-

১) সচিব, বাপাউবো, ঢাকা।
২) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৪) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৫) অফিস কপি/মাষ্টার কপি।

০৮/০৩/২০২২

(মোঃ মনিরুল ইসলাম)
উপ-পরিচালক (অঃ দাঃ)

C:\Users\MD. REZAUL KARIM\Documents\land & Revenue Pad.doc